দৈনিক বাংলা

C52

তারিখ 10 SEP 1987
পৃষ্ঠা 1 কলাম 3

# ২৭ সেপ্টেম্বর ঢাকা ভার্সিটি খুলতে পারে

।। স্টাফ রিপোর্টার ।।

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট বৈঠকে বিশ্ববিদ্যালয় এবং আবাসিক হলগুলো খোলার একটি সিদ্ধান্ত নেয়া হয়েছে। তবে এখনও সিন্ডিকেট আনুষ্ঠানিকভাবে এ সিদ্ধান্ত প্রকাশ করেনি। নির্ভরযোগ্য একটি সূত্রে জানা গেছে, আগামী ২৭শে সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয় খোলার সিদ্ধান্ত নেয়া হয়েছে এবং ২২শে সেপ্টেম্বর আবাসিক ছাত্রছাত্রীদের

(৫-এর পৃঃ দ্রঃ)

## খুলতে পারে

(১ম পৃঃ পর)

জন্য হলসমূহ খুলে দেয়া হবে।

উল্লেখ্য, বিবদমান দু'টি ছাত্র সংগঠনের মধ্যে উপর্যুপরি দু'দিনব্যাপী সংঘর্ষের মুখে ১৫ই জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়। দু'ঘন্টার নোটিশে আবাসিক শিক্ষার্থীদের হল ত্যাগ করতে বলা হয়। ছাত্র সংগঠন দু'টির সংঘর্ষে বিশ্ববিদ্যালয়ের দু'জন ছাত্র এবং একজন রিকশাচালক নিহত হন।

গতকালের সিন্ডিকেট বৈঠকে বিশ্ববিদালিয়ের সর্বশেষ পরিস্থিতি নিয়ে আলোচনা হয়। বৈঠকের সিদ্ধান্ত জানার জন্যে সন্ধ্যায় কয়েকজন সাংবাদিক ভাইস চ্যান্সেলরের বাসভবনে গেলে গেটে কর্তব্যরত দারোয়ান জানান যে ভিসি সাহেব বাসায় নেই। একজন সিন্ডিকেট সদস্যের সঙ্গে যোগাযোগ করলে তিনি কিছু জনাতে অস্বীকৃতি জানান। নাম প্রকাশে অনিচ্ছুক অপর একজন সিন্ডিকেট সদস্য বলেন, সিন্ডিকেট সভায় বিশ্ববিদ্যালয় এবং হল খোলার তারিখ নির্ধারণ করা হয়েছে। এ ব্যাপারে সংবাদপত্র অফিসে প্রেস বিজ্ঞপ্তি পাঠানো হবে। কিন্তু রাতে এ রিপোর্ট লেখা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের কোন বিজ্ঞপ্তি পাওয়া যায়নি। ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান সিন্ডিকেট সভায় সভাপতিত্ব করেন।

এদিকে বিশ্ববিদ্যালয়ের কয়েকটি পরীক্ষার তারিখ ঘোষণা করা হয়েছে। বিজ্ঞান ও জীববিজ্ঞান অনুষদের ১৯৮১-৮২ সেশনের অনার্স (কোর্স পদ্ধতি) পরীক্ষা ১৫ই অক্টোবর শুরু হবে। ১৯৮২-৮৩ শিক্ষাবর্ষের অনার্স পরীক্ষা শুরু হবে ১৫ই ডিসেম্বর থেকে। উল্লেখ্য, এ পরীক্ষাটি সাতবার পিছানোর পর ২৪শে সেপ্টেম্বর থেকে শুরু হওয়ার কথা ছিল। তবে রাতে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ অফিসার টেলিফোনে জানান যে উল্লিখিত পরীক্ষাটি বিজ্ঞান ও জীববিজ্ঞান অনুষদের। এছাড়া ১৯৮৫-৮৬ সেশনের প্রথম বর্ষ অনার্স পরীক্ষা ১০ই নবেম্বর এবং সাবসিডিয়ারী পরীক্ষা ২৫শে নবেম্বর থেকে শুরু হবে।